গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
হরিপুর, ঠাকুরগাঁও

| | | |
|---|---|---|
| বিষয় | : | মার্চ- ২০২৪খ্রিঃ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী। |
| সভাপতি | : | জনাব মোঃ জিয়াউল হাসান<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও। |
| তারিখ | : | ২৮ মার্চ, ২০২৪খ্রিঃ |
| সময় | : | বেলা ১১.০০ ঘটিকা। |
| স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মাননীয় জাতীয় সংসদ সদস্য, জনাব মোঃ মাজহারুল ইসলাম-এমপি ঠাকুরগাঁও-২ মহোদয়কে স্বাগত জানান। সভাপতি উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সহ অন্যান্য সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর মহোদয়কে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন। সভায় পূর্ববর্তী মাসের সভার কার্যবিবরণী পাঠ করা হলে তাতে কোন সংশোধন প্রয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০২। <u>বিভাগীয় আলোচনা ও সিদ্ধান্ত</u>

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, রবি মৌসুম ভালোভাবে সম্পন্ন হয়েছে। সারের মনিটরিং জোরদার হয়েছে। সারের পর্যাপ্ত মজুদ রয়েছে। অসময়ে বৃষ্টির কারণে যাতে ফসলের কৃষকরা ক্ষতিগ্রস্থ না হয় সেজন্য উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ সজাগ রয়েছেন। আউশ ও পাট প্রণোদনা আগে উত্তোলনের পরে বিতরণ কার্যক্রম চলবে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, হরিপুর |
| স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, অত্র হাসপাতালের এক্স-রে মেশিন সচল হয়েছে। ডেপুটেশনে থাকা ২৩ জন কর্মকর্তা ও কর্মচারীর মধ্যে ১১ জন কর্মকর্তা ও কর্মচারী অত্র স্বাস্থ্য কমপ্লেক্সে যোগদান করেছেন। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হরিপুর |
| প্রাণি সম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, প্রাণী সম্পদ বোর্ড পরিচালিত হয়েছে। অত্র দপ্তরের সেডের কাজ এখনো শুরু হয়নি। নিবন্ধন বিহীন পশুখাদ্যের বিরুদ্ধে মোবাইল কোর্ট চলমান রয়েছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, হরিপুর, |
| মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, হরিপুর। |
| পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হরিপুর। |
| শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, অত্র উপজেলায় বিদ্যালয়ের নির্মাণ কাজ চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, হরিপুর। উপজেলা প্রকৌশলী, হরিপুর। |
| মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগীতা সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছে। মেয়ে শিক্ষার্থীদের জন্য মাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে বয়সন্ধিকালীন কর্নার স্থাপন করা প্রয়োজন। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে নারী শিক্ষার্থীদের উপস্থিতি বাড়ানো প্রয়োজন। উপজেলা স্কাউটস ও উপজেলা ক্রীড়া সংস্থাকে গতিশীল করার জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের আশ্বাস জানাচ্ছি। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, হরিপুর। উপজেলা প্রকৌশলী, |

<table>
<tr><td></td><td>স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td></td><td>হরিপুর।</td></tr>
<tr><td></td><td>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের মেইন গেটটি পুরাতন হয়ে যাওয়াই এটি ব্যবহারের জন্য প্রায় অনুপযোগী হয়ে গেছে। উপজেলা পরিষদের সীমানা প্রাচীর অকোজো হয়ে গেছে, উপজেলা পরিষদের অভ্যন্তরের আরসিসি ড্রেন অকোজো হয়ে গেছে, ফলে পানি নিষ্কাশন করা সম্ভব হয় না। উপজেলা পরিষদের মেইন গেট, সীমানা প্রাচীর ও অভ্যন্তরের আরসিসি ড্রেন জরুরী ভিত্তিতে মেরামতকরণ করা প্রয়োজন।<br>এ অবস্থা হতে উত্তরণে মেরামতের জন্য প্রাক্কলন প্রস্তুতপূর্বক সভায় উপস্থাপন করা হয়। যা নিম্নরূপঃ-
<table>
<tr><th>কাজের নামঃ</th><th>প্রাক্কলিত টাকার পরিমাণ</th></tr>
<tr><td>০১.উপজেলা পরিষদের মেইন গেট মেরামতকরণ</td><td>৩৪,৩৪,৮৩৭/-</td></tr>
<tr><td>০২.উপজেলা পরিষদের সীমানা প্রাচীর মেরামতকরণ</td><td>২০,০০,০০০/-</td></tr>
<tr><td>০৩.উপজেলা পরিষদের অভ্যন্তরের আরসিসি ড্রেন মেরামতকরণ</td><td>৩০,০০,০০০/-</td></tr>
<tr><td>মোট</td><td>৮৪,৩৪,৮৩৭/-</td></tr>
</table></td><td>সভায় উপস্থাপিত প্রকল্পসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা প্রকৌশলী, হরিপুর।</td></tr>
<tr><td></td><td>উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাস্টার প্ল্যান, প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প, ২মণিপুরীপাড়া, ৫ম তলা তেজগাঁও, ঢাকা-১২২৫ এর গত ৯ জুলাই ২০১৯, তারিখের ৪৬.০২.০০০০.৯২৯.১৪.০০১.১৮ নং স্মারকে প্রাপ্তপত্রের নির্দেশনা মোতাবেক উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাস্টার প্ল্যান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় চলতি ২০২৩-২৪ অর্থবছরে ধীরগঞ্জ হাট উন্নয়নের জন্য প্রাক্কলন প্রস্তুত কারা হয়েছে। যা অদ্যকার সভায় গৃহিত প্রকল্প ও প্রকল্পের প্রাক্কলন অনুমোদিত হলে চূড়ান্ত অনুমোদনের জন্য সংশ্লিষ্ট অধিদপ্তরে পেরণ করা হবে। আরো উল্লেখ্য থাকে যে, দেশব্যাপী গ্রমীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ধীরগঞ্জ বাজার উন্নয়নের জন্য প্রস্তাব ও অনুমোদন।<br>এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>দেশব্যাপি গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ধীরগঞ্জ বাজার উন্নয়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিধান্ত গ্রহিত হয়।</td><td>১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর<br>২. উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর<br>৩. উপজেলা প্রকৌশলি, হরিপুর</td></tr>
<tr><td>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর</td><td>সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই।</td><td>দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে।</td><td>সহকারী প্রোগ্রামার, হরিপুর।</td></tr>
<tr><td>জনস্বাস্থ্য প্রকৌশল</td><td>উপজেলা প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, টিউবওয়েলের মালামাল এখনো আসেনি, আসলেই কাজ শুরু করা হবে। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই।</td><td>দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, হরিপুর।</td></tr>
<tr><td>উপজেলা সমাজসেবা দপ্তর</td><td>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, উপজেলা সমাজসেবা কার্যালয়, হরিপুর উপজেলার একমাত্র টিনশেড বিল্ডিং বরাদ্দ না থাকায় অফিসটি প্রায় জরাজীর্ণ অবস্থায় রয়েছে। সব টিনগুলো জরুরী ভিত্তিতে পরিবর্তন করা প্রয়োজন। অসহায়, বৃদ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের বিশ্রামের স্বার্থে একটি বসার ছাউনি করা হলেও অর্থের সংকুলান না হওয়াই গ্রিল/ফ্যান লাগানো যায়নি এবং রং করা যায়নি। তাই উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নিকট বিনীত অনুরোধ জানাচ্ছি যেন বরাদ্দ প্রদান করে কাজগুলো সুন্দরভাবে সম্পন্ন করা যায়।</td><td>দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, হরিপুর।</td></tr>
<tr><td>যুব উন্নয়ন দপ্তর</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তবে কয়েক মাস যাবৎ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার পদটি শূন্য রয়েছে।</td><td>দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হরিপুর।</td></tr>
<tr><td>সমবায় দপ্তর</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, অত্র উপজেলায় সমবায় বিভাগে সমবায় সমিতি অডিট, প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। দাপ্তরিক কার্যক্রমে সমস্যা নেই।</td><td>দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা, হরিপুর।</td></tr>
<tr><td>খাদ্য দপ্তর</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই।</td><td>দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হরিপুর।</td></tr>
<tr><td>পরিসংখ্যান দপ্তর</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা(ভাঃ) সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তেমন কোন সমস্যা নেই।</td><td>দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা পরিসংখ্যান</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | | | কর্মকর্তা, হরিপুর। |
| [illegible] ভিডিপি [illegible] | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, ১০ জন আনসার সদস্য উপজেলা নির্বাহী অফিসারের নিরাপত্তায় ডিউটি করছেন। অত্র কার্যালয়ে জীবগাড়ির প্রশিক্ষণ চলমান রয়েছে। ২১ দিন ব্যাপী মৌলিক প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণার্থী আগামী ০৩ মার্চ তারিখে জেলায় বাছাই করা হবে। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, হরিপুর। |
| মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হরিপুর। |
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, প্রশিক্ষণ ও ঋণ বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এছাড়াও অত্র দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হরিপুর। |
| বন বিভাগ | ফরেস্টার,সদর নার্সারী সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ফরেস্টার,সদর নার্সারী, হরিপুর। |
| বরেন্দ্র দপ্তর | সহকারী প্রকৌশলী বিএমডিএ প্রতিনিধি সভায় জানান, সেচ লাইসেন্স বিষয়ে ভেট নিয়ে সভা আহবান করা হবে। এছাড়াও অত্র দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী বিএমডিএ, হরিপুর। |
| পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পঃ দাঃ বিঃ ফাঃ কর্মকর্তা , হরিপুর। |
| তথ্য আপা | উপজেলা তথ্যসেবা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | তথ্য সেবা কর্মকর্তা, হরিপুর। |
| মাননীয় সংসদ সদস্য, ঠাকুরগাঁও-২ | মাননীয় জাতীয় সংসদ সদস্য, ঠাকুরগাঁও-২ সভায় জানান, হরিপুর স্বাস্থ্য কমপ্লেক্সে ডেপুটেশন বাতিল করা হয়েছে। অত্র উপজলার হাসপাতালে আরো ডাক্তার নার্স প্রয়োজন। অত্র উপজেলায় বালির সমস্যা সেজন্য অনেক উন্নয়নমূলক কাজ ব্যাহত হচ্ছে। বালির বিষয়ে পদক্ষেপ গ্রহণ করা হবে মর্মে তিনি জানান। এছাড়াও 'জয় বাংলা' কে জাতীয় স্লোগান হিসেবে ব্যাপক প্রচলনের জন্য সকলকে আহবান করেন | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান |
| চেয়ারম্যান উপজেলা পরিষদ | উপজেলা চেয়ারম্যান সভায় জানান, হাসপাতালের অবস্থা বর্তমানে ভালো রয়েছে কারণ নার্সদের ডেপুটেশ বাতিল করা হয়েছে। সর্বমিলে হরিপুরের পরিস্থিতি ভালো রয়েছে।<br>প্রতিটি দপ্তর থেকে যেন সাধারন মানুষ সেবা পায় সে বিষয়ে সকলকে সচেতন থাকতে অনুরোধ করেন। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর। |
| উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, বিদ্যুৎ বিল মাঝে মাঝে অস্বাভাবিক কেন তা জানতে চান। হাসপাতলের কর্মকর্তা ও কর্মচারীগণের ডেপুটেশনের বিষয়ে জানতে চান। এছাড়াও আনসারদের শেড তৈরির জন্য কাজ করা হচ্ছে মর্মে তিনি জানান। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান |
| ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ | উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা) সভায় জানান, হরিপুরের মানুষ অত্যন্ত শান্তি প্রিয়। প্রতিবন্ধী বিষয়টা অনেকে জানে না। তাই পুরো উপজেলায় মাইকিং করা উচিত। অত্র উপজেলার হাসপাতালে মুক্তিযোদ্ধারা ঔষধ পায় না কেন তা জানতে চান। অত্র উপজেলায় সকল অফিসে সেবার মান বাড়ানোর জন্য অনুরোধ করেন। | সার্বিক পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান |
| ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ | উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় জানান, হরিপুরের বিদ্যুৎ বিল হটাৎ কেন বেশি আছে তা জানতে চান। বকুলতপুরের ক্যানেলের বিষয়টি দেখা উচিত। এছাড়াও অন্যান্য পরিস্থিতি ভালো রয়েছে। | সার্বিক পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান |
| চেয়ারম্যা | চেয়ারম্যান, ২ নং আমগাঁও ইউপি সভায় জানান, বালির জন্য রাস্তার কাজ বন্ধ রয়েছে। যাদুরনী | দাপ্তরিক কার্যক্রমের ধারা | ১। চেয়ারম্যান, |

| | | | |
|---|---|---|---|
| ...ও ...নিয়ন পরিষদ | বাজারের ড্রেনের সমস্যা রয়েছে। এটি মেরামতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া প্রয়োজন। | অব্যাহত রাখতে হবে এবং যাদুরানী হাট মেরামত করতে হবে। | উপজেলা পরিষদ, হরিপুর। ২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর। চেয়ারম্যান ২ নং আমগাঁও ইউপি |
| চেয়ারম্যান ৩ নং বকুয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান ৩ নং বকুয়া ইউপি সভায় জানান, ঠাকিঠুকির ব্রীজটা জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। এছাড়াও ধীরগঞ্জ বাজারে মাটি ভরাট করা প্রয়োজন। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। এবং ধীরগঞ্জ বাজারে মাটি ভরাট করতে হবে। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর। ২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর। চেয়ারম্যান ৩ নং বকুয়া ইউপি |
| চেয়ারম্যান ৫ নং হরিপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান ৫ নং হরিপুর ইউপি সভায় জানান, অত্র দপ্তরের দাপ্তরিক দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে এবং কালীগঞ্জ বাজার মেরামত করা প্রয়োজন। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর। ২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর। চেয়ারম্যান ৫ নং হরিপুর ইউপি |
| চেয়ারম্যান, ৬ নং ভাতুরিয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ৬ নং ভাতুরিয়া ইউপি সভায় জানান, ঢাকদহ গোপালপুরের ৩৫০ মিটার রাস্ত পাকা করা বাকী রয়েছে। এটি পাকা করা হলে এলাকাবাসির সুবিধা হবে বলে জানান। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে এবং মাঠে মাটি ভরাট করতে হবে। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর। ২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর। চেয়ারম্যান ৬ নং ভাতুরিয়া ইউপি |

**০৩। বিবিধঃ**

(০১) আলোচনায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর মহোদয় জানান যে, অত্র পরিষদে এপ্রিল/২০২৪ খ্রিঃ মাসে অগ্রিম আপ্যায়ন খাতে ৩০,০০০/- (ত্রিশ হাজার টাকা মাত্র) এবং আনুষাঙ্গিক খাতে ৫,০০০/- (পাঁচ হাজার টাকা মাত্র) ব্যয় হবে। উক্ত ব্যয় অনুমোদন প্রয়োজন।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| আনুষাঙ্গিক ও আপ্যায়ন ব্যয় বাবদ মোট ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

(০২) আলোচনায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর মহোদয় জানান যে, অত্র পরিষদে মার্চ/২০২৪খ্রিঃ মাসে ইন্টারনেট খাতে ৫,০০০/- (পাঁচ হাজার টাকা) ব্যয় হয়েছে। উক্ত ব্যয় অনুমোদন প্রয়োজন।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| ইন্টারনেট খাতে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

(০৩) আলোচনায় উপজেলা চেয়ারম্যান মহোদয় সভায় জানান যে, মার্চ/২০২৪খ্রিঃ মাসে অত্র উপজেলা পরিষদের স্মৃতিসৌধ ও শহীদ মিনারের চারপাশের আগাছা পরিস্কারকরণ বাবদ ৯,০০০/-(নয় হাজার টাকা মাত্র) ব্যয় হবে। উক্ত ব্যয় অনুমোদন হওয়া প্রয়োজন।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা পরিষদের স্মৃতিসৌধ ও শহীদ মিনারের চারপাশের আগাছা পরিষ্কারকরণ বাবদ ৯,০০০/-(নয় হাজার) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর।<br>৩। উপজেলা প্রকৌশলী, হরিপুর। |

(০৪)আলোচনায় উপজেলা চেয়ারম্যান মহোদয় সভায় জানান যে, বাংলা ১৪৩১ সনে অত্র উপজেলার হাট-বাজারগুলির ইজারা বিজ্ঞপ্তি প্রচারের জন্য বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক কালের কণ্ঠ, ঢাকা ৩১,০৫০/-(একত্রিশ হাজার পঞ্চাশ) টাকা, বিজ্ঞাপন ম্যানেজার(পক্ষে সংবাদদাতা), দৈনিক দাবানল, হরিপুর ২৬,২২০/-(ছাব্বিশ হাজার দুইশত বিশ) টাকা এবং আনুষঙ্গিক ব্যয় বাবদ ৮০,২০০/-(আশি হাজার দুইশত) টাকা ব্যয় হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-২ শাখার গত ২১ সেপ্টেম্বর ২০১১খ্রিঃ তারিখের

...১.০৩০.০২.০০.২০১১-৮৭০ নং স্মারকে প্রকাশিত সরকারি হাট-বাজার সমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কি ...মালার অধ্যায়-২ এর অনুচ্ছেদ ২.৪ মোতাবেক ইজারাজনিত খরচ নির্বাহ করা যাবে।

| সিদ্ধান্ত ঃ | |
|---|---|
| উপজেলা সরকারি হাট-বাজার সমূহের ইজারাজনিত খরচ (সংবাদপত্রের বিজ্ঞপ্তি বিল যথাক্রমে=৩১,০৫০ ও ২৬,২২০ এবং আনুষঙ্গিক ব্যয় বাবদ ৮০,২০০/-) বাবদ ১,৩৭,৪৭০/-(এক লক্ষ সাঁইত্রিশ হাজার চারশত সত্তর) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | বাস্তবায়নে-<br>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর।<br>৩। উপজেলা প্রকৌশলী, হরিপুর। |

(০৫) চেয়ারম্যান, উপজেলা পরিষদ হরিপুর মহোদয় সভায় জানান, যেহেতু চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে "মহান স্বাধীনতা ও জাতীয় দিবস"-২০২৪ উক্ত স্বাধীনতা দিবস উদযাপন বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয় হয়েছে । যা অদ্যকার সভায় অনুমোদন করা প্রয়োজন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০, অনুচ্ছেদ ৩ এর ক্রমিক নং খ মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে জাতীয় দিবস উদযাপন করা যাবে। জাতীয় দিবস উদযাপন বাবদ উপজেলা পরিষদের সিধান্তক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যেতে পারে।

| সিদ্ধান্ত ঃ | |
|---|---|
| স্বাধীনতা দিবস-২০২৪ উদযাপন বাবদ ব্যয়=৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | বাস্তবায়নে-<br>১। চেয়ারম্যান, উজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

(০৬) চেয়ারম্যান, উপজেলা পরিষদ হরিপুর মহোদয় সভায় আরও জানান, উপজেলা নির্বাহী অফিস ও উপজেলা পরিষদ অফিসে পানির পাম্প অকেজো হয়ে গেছে। যার কারণে অফিস দুটিতে সুপেয় পানি পাওয়া যায় না। এতে করে আমাদের স্টাফদের নানামুখি সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০, অনুচ্ছেদ ৩ এর ক্রমিক নং ট মোতাবেক পানির পাম্প রক্ষনাবেক্ষণ /মেরামত ও ক্রয় বাবদ উপজেলা পরিষদের সিধান্তক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিষদ করা যেতে পারে। পানির পাম্প মেরামত/রক্ষণাবেক্ষন সংক্রান্ত ব্যয়=২৫,০০০/-(পঁচিশ হাজার টাকা)। উক্ত বিলটি অদ্যকার সভায় অনুমোদ হওয়া প্রয়োজন। আলোচনায় বর্ণিত ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

| সিদ্ধান্ত ঃ | |
|---|---|
| উপজেলা নির্বাহী অফিস ও উপজেলা পরিষদ অফিসের পানির পাম্প মেরামত/রক্ষণাবেক্ষন বাবদ বাবদ ২৫,০০০/-(পঁচিশ হাজার টাকা) ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | বাস্তবায়নে-<br>১। চেয়ারম্যান, উজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

(০৭) উপজেলা প্রকৌশলী সভায় জানান, গত ০১ এপ্রিল, ২০২৪ তারিখে সহকারী কমিশনার(ভূমি) মহোদয় এ উপজেলায় যোগদান করেছেন। উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টার ভবন (সহকারী কমিশনার-ভূমি মহোদয়ের বাসা) বসবাসের/ব্যবহারের অনুপযোগি। তাই, এ মূহূর্তে জরুরীভাবে বাসাটি মেরামত করা প্রয়োজন। এ প্রেক্ষিতে ইতিমধ্যে বাসাটি পরিদর্শন করে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে এবং জরুরী ভিত্তিতে মেরামত কাজ শুরু করা হয়েছে। অদ্যকার সভায় উক্ত কাজের নিম্নরূপ প্রকল্প, প্রকল্পের প্রাক্কলন ও প্রকল্প কাজ বাস্তবায়নের জন্য গঠিত প্রকল্প কমিটি অনুমোদন হওয়া প্রয়োজন।

প্রকল্পের নামঃ উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টার ভবন (সহকারী কমিশনার-ভূমি মহোদয়ের বাসা) মেরামতকরণ।

প্রাক্কলিত অর্থ ঃ ২,০০,০০০/-

প্রকল্প বাস্তবায়ন কমিটি-

| | | |
|---|---|---|
| (১) | জনাব মোঃ আনোয়ার হোসেন, সদস্য, ৪ নং ডাঙ্গীপাড়া ইউপি - | প্রকল্প সভাপতি |
| (২) | জনাব মোঃ আল আমিন খান , জনস্বাস্থ্য, হরিপুর - | প্রকল্প সদস্য |
| (৩) | জনাব মোঃ সাইদুর রহমান, গণ্যমান্য ব্যাক্তি, হরিপুর - | প্রকল্প সদস্য |
| (৪) | জনাব মোঃ আলী হোসেন, ভিডিপি, হরিপুর - | প্রকল্প সদস্য |
| (৫) | জনাব মোঃ মোবারক হোসেন, এল জি ই ডি, হরিপুর - | প্রকল্প সদস্য |
| (৬) | জনাব মোঃ রাজিউর রহমান রাজু, শিক্ষক, হরিপুর - | প্রকল্প সদস্য |
| (৭) | জনাব তন্ময় কর্মকার, এল জি ই ডি, হরিপুর - | প্রকল্প সদস্য |

উপজেলা প্রকৌশলীর প্রস্তাবিত প্রকল্পটির বিষয়ে উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয় বলেন, উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টার ভবন (সহকারী কমিশনার-ভূমি মহোদয়ের বাসা) মেরামতকরণ বাসাটি বসবাস উপযোগি করার জন্য উক্ত প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। যার মেরামত ব্যয় অত্যন্ত অপ্রতুল। গৃহিত প্রকল্পটি অনুমোদনের জন্য অনুরোধ জানান। বিস্তারিত আলোচনায় প্রকল্পটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। সেই সাথে প্রকল্প বাস্তবয়ন কমিটিদ্বয়কে দ্রুত প্রকল্প কাজ বাস্তবায়ন করা জন্য অনুরোধ করা হলো।

(০৮) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর মহোদয় সভায় আরও জানান যে, অত্র উপজেলা পরিষদের জীপগাড়ীর খুচরা যন্ত্রাংশ মেরামতের নিমিত্ত মোট ২৫,০০০/-(পচিশ হাজার টাকা মাত্র) ব্যয় হয়েছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ অনুচ্ছেদ ০৩ এর ক্রমিক নং ণ মোতাবেক উক্ত ব্যয় রাজস্ব তহবিল হতে বহন করা যাবে। তাই উক্ত ব্যয় অনুমোদন হওয়া প্রয়োজন।

| সিদ্ধান্ত ঃ | |
|---|---|
| ১। উপজেলা পরিষদের জীপগাড়ীর খুচরা যন্ত্রাংশ মেরামতের নিমিত্ত মোট ২৫,০০০/-(পঁচিশ হাজার টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | বাস্তবায়নে-<br>১। চেয়ারম্যান, উজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর। |

(০৯) চেয়ারম্যান উপজেলা পরিষদ হরিপুর মহোদয় সভায় জানান, উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টার, উপজেলা পরিষদের পানির মোটর, উপজেলা নির্বাহি অফিসারের বাসভবনের পানির মোটর, উপজেলা পরিষদের আমাইদিঘী পুকুরের চারপাশের ফলগাছগুলোতে পানি সেচের জন্য পাইপ জরুরী ভিত্তিতে ক্রয়/মেরামত করা প্রয়োজন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০, অনুচ্ছেদ ৩ এর ক্রমিক নং ক মোতাবেক উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ বাবদ উপজেলা পরিষদের সিধান্তক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিষদ করা যেতে পারে। উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টার, উপজেলা পরিষদের পানির মোটর, উপজেলা নিবহী অফিসারের বাসভবনের পানির মোটর, উপজেলা পরিষদের আমাইদিঘী পুকুরের চারপাশের ফলগাছগুলোতে পানি সেচের জন্য পাইপ ক্রয়/মেরামত সংক্রান্ত প্রাক্কলন তৈরির জন্য উপজেলা প্রকৌশলিকে অনুরোধ জানানো হলো।

| সিদ্ধান্ত ঃ | |
|---|---|
| | বাস্তবায়নে- |

| | |
|---|---|
| ...লা পরিষদের গেজেটেড কোয়ার্টার, উপজেলা পরিষদের পানির মোটর, উপজেলা নির্বাহী ...সারের বাসভবনের পানির মোটর, উপজেলা পরিষদের আমাইদিঘী পুকুরের চারপাশের ...লাইগুলোতে পানি সেচের জন্য পাইপ সংক্রান্ত প্রাক্কলন তৈরির জন্য উপজেলা প্রকৌশলিকে অনুরোধ জানানো হলো। | ১। উপজেলা প্রকৌশলি, হরিপুর। |

আর কোন আলোচনা না থাকায় সকলকে পুনরায় ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ জিয়াউল হাসান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভা
হরিপুর, ঠাকুরগাঁও।

তারিখঃ ২৮/০৩/২০২৪খ্রিঃ

স্মারক নং:০৫.৫৫.৯৪৫১.০০০.০৩.০০৩.২৪-৩০০

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরন করা হলো।

০১। মাননীয় সংসদ সদস্য, ৪ ঠাকুরগাঁও-২
০২। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও।
০৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও।
০৬। উপজেলা ........................................................কর্মকর্তা, হরিপুর, ঠাকুরগাঁও।
০৭। চেয়ারম্যান ........................................................(সকল) ইউপি, হরিপুর, ঠাকুরগাঁও।

২৮/০৩/২০২৪
উপজেলা নির্বাহী অফিসার
হরিপুর, ঠাকুরগাঁও